



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

জেনারেল ক্রেডিট বিভাগ

ই-মেইলঃ dgmlad1@krishibank.org.bd

সার্কুলার লেটার নং- বিকেবি-প্রকা/জেক্রেবি (শাখা-১)/৩(১৭)/২০২৪-২৪/ ২২(২২৫০)

তারিখঃ ০৭.০৭.২০২৪ খ্রি.

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন ক্ষিম গঠন ও পরিচালনার নীতিমালা প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগ এর এসিডি সার্কুলার লেটার নং-০২, তারিখঃ ২৭ জুন, ২০২৪ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।


০২। দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য গঠিত ৫,০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন ক্ষিমটির চাহিদা রয়েছে বিধায় উপর্যুক্ত সার্কুলার লেটার মোতাবেক বাংলাদেশ ব্যাংক কর্তৃক ক্ষিমটির আওতায় ব্যাংক কর্তৃক গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণের সময়সীমা ৩১ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। একই সাথে ক্ষিমের আওতায় যাতে অধিক সংখ্যক প্রকৃত চাষি/খামারি উপকৃত হয় সে লক্ষ্যে ইতোমধ্যে ক্ষিমটির আওতাভুক্ত খাতসমূহের পাশাপাশি “কন্দাল ফসল” চাষ এবং “ছাগল/ভেড়া/গাড়ল পালন” খাত অন্তর্ভুক্ত করা হয়েছে। এক্ষেত্রে, আলোচ্য ক্ষিমের আওতায় ঋণ বিতরণের পুঞ্জীভূত মাসিক বিবরণী (সংযুক্ত ছক মোতাবেক) পরবর্তী মাসের ০৭ কর্মদিবসের মধ্যে বাংলাদেশ ব্যাংকে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, বর্ণিত সার্কুলার লেটারসহ এসিডি সার্কুলার নং-০৭, তারিখঃ ১৭ নভেম্বর, ২০২২ এবং এসিডি সার্কুলার লেটার নং-০২, তারিখঃ ২১ মার্চ, ২০২৩ এর সকল নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনপূর্বক ঋণ বিতরণ কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত,

  
(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১

নং- বিকেবি-প্রকা/জেক্রেবি (শাখা-১)/৩(১৭)/২০২৪-২৪/ ২২(২২৫০)

তারিখঃ ০৭.০৭.২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।


০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৮। নথি/মহানথি।

  
০৭.০৭.২০২৪

(মোহাম্মদ মোশাররফ হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

কৃষি ঋণ বিভাগ

এসিডি সার্কুলার লেটার নং-০২

১৩ আষাঢ় ১৪৩১

তারিখ : -----

২৭ জুন ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক।

## দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃ অর্থায়ন স্কিম গঠন ও পরিচালনার নীতিমালা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে এসিডি সার্কুলার নং-০৭, তারিখ: ১৭ নভেম্বর ২০২২, এসিডি সার্কুলার লেটার নং-০২, তারিখ: ২১ মার্চ ২০২৩ এবং এসিডি সার্কুলার লেটার নং-০৩, তারিখ: ২১ নভেম্বর ২০২৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য গঠিত ৫,০০০ কোটি টাকার পুনঃ অর্থায়ন স্কিমটির চাহিদা রয়েছে বিধায় স্কিমটির আওতায় ব্যাংক কর্তৃক গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণের সময়সীমা ৩১ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

একই সাথে স্কিমের আওতায় যাতে অধিক সংখ্যক প্রকৃত চাষি/খামারি উপকৃত হয় সে লক্ষ্যে ইতোমধ্যে স্কিমটির আওতাভুক্ত খাতসমূহের পাশাপাশি “কন্দাল ফসল” চাষ এবং “ছাগল/ভেড়া/গাড়ল পালন” খাত অন্তর্ভুক্ত করা হলো। এক্ষেত্রে, স্কিমের আওতায় ঋণ বিতরণের পূঞ্জীভূত মাসিক বিবরণী (সংযুক্ত ছক মোতাবেক) পরবর্তী মাসের ০৭ কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা প্রদান করা হলো।

সংযোজনী : ১ (এক) পাতা।

আপনাদের বিশ্বস্ত,

(কানিজ ফাতেমা)

পরিচালক (এসিডি)

ফোন: ৯৫৩০১৩৮

